



তথ্যবিবরণী

নম্বর: ০৮৪

ছাত্র-জনতার বিপ্লবের স্পিরিটে রুয়েটকে গড়ে তোলা হবে  
- রুয়েট উপাচার্য

রাজশাহী; ১৪ কার্তিক (৩০ অক্টোবর):

ছাত্র-জনতার জুলাই-আগস্টের বিপ্লবের স্পিরিটকে ধারণ করে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)-কে দেশের অন্যতম শীর্ষ বিদ্যাপীঠ হিসেবে গড়ে তোলার সর্বাত্মক প্রয়াস চালানো হবে বলে মন্তব্য করেছেন নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. এস.এম. আব্দুর রাজ্জাক।

আজ বুধবার (৩০ অক্টোবর) দুপুরে রুয়েটের কেন্দ্রীয় মিলনায়তনে শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের সাথে আয়োজিত প্রথম আনুষ্ঠানিক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন।

উপাচার্য বলেন, সকল মতভেদ ভুলে রুয়েটের অগ্রযাত্রা ও সার্বিক উন্নয়নে সবাইকে কাজ করতে হবে। নতুন বাংলাদেশ গড়ার জন্য রুয়েটকেও নতুনভাবে গড়ে তুলতে হবে।

সভায় বিভিন্ন অনুষদের ডীনগণ, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানগণ এবং বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭.১০ঘ.